দৈনিক ইত্তেফাক

7

তারিখ ... DEC 2 9 1999
পৃষ্ঠা ... কলাম ...

## তফসিলী ছাত্রছাত্রীদের উপ-বৃত্তির অর্থ বৃদ্ধির আবেদন

গতকাল (মঙ্গলবার) বাংলাদেশ তফসিল জাতি ফেডারেশনের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক জরুরী সভায় তফসিলী ছাত্রছাত্রীদের উপ-বৃত্তির জন্য বাৎসরিক কমপক্ষে ২ কোটি টাকা বরাদ্দ করার জন্য সরকারের প্রতি আবেদন জানাইয়াছে। সভায় বলা হয়, সরকার তফসিলী ছাত্রছাত্রীদের জন্য বার্ষিক উপ-বৃত্তি হিসাবে ২০ লক্ষ টাকা বরাদ্দ করায় দেশের তফসিলী ছাত্রছাত্রীদের শিক্ষার ক্ষেত্রে এক নবদিগন্তের পথ উন্মোচিত হইয়াছে।

ফেডারেশনের সভাপতি সুধীর চন্দ্র সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বক্তৃতা করেন মনীন্দ্র নাথ ঢালী, চিত্তরঞ্জন সরকার, সুব্রত বিশ্বাস, ননী গোপাল দাস প্রমুখ।